গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৩৮/২০১৯-২০২০
ঢাকা, ২০ আগস্ট মঙ্গলবার ২০১৯, ৫ ভাদ্র ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মন্ত্রিসভায় জাতীয় স্কুল মিল নীতিমালাসহ সাতটি আইনের খসড়া অনুমোদন
দুধ নিয়ে অপপ্রচার দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র : প্রধানমন্ত্রী
২। বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রীর কাব্যগ্রন্থ 'স্বপ্ন পানসি'র মোড়ক উন্মোচন করলেন প্রধানমন্ত্রী
৩। আগামী বৃহস্পতিবার বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ড্রিমলাইনার গাঙচিল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৪। ঢাকায় ভারতের পররাষ্ট্রমন্ত্রী : আরও গভীর হবে দু'দেশের সম্পর্ক
৫। রোহিঙ্গা প্রত্যাবাসনে ইতিবাচক সাড়া চীনের
৬। মিয়ানমারের ইনডিপেনডেন্ট কমিশন অভ্ ইনকোয়ারি টিম কক্সবাজারে
৭। মশক নিধনে আজ থেকে চিরুনি অভিযান চালানো হবে : ডিএনসিসি মেয়র
৮। সরকার দেশে অধিকতর সুশাসন নিশ্চিতে কাজ করছে :
দক্ষিণ কোরিয়ায় প্রবাসী বাংলাদেশিদের সাথে মতবিনিময়ে স্বরাষ্ট্রমন্ত্রী
৯। প্রাথমিক পর্যায় থেকেই প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ায় অংশীদারদের জড়িত থাকা প্রয়োজন :
দক্ষিণ কোরিয়ার স্যাংডোতে গ্লোবাল প্রোগ্রামিং কনফারেন্সে অর্থমন্ত্রী
১০। পুনর্বাসন করা হবে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত বস্তিবাসীদের : সেতুমন্ত্রী
১১। বঙ্গবন্ধু হত্যায় জড়িতদের চিহ্নিত করতে কমিশন হবে : আইনমন্ত্রী
১২। বর্তমান সরকারের আমলে চামড়া রফতানি ৪০০ মিলিয়ন ডলার থেকে দুই বিলিয়নে উন্নীত হয়েছে : তথ্যমন্ত্রী
১৩। শিল্পখাতে সাফল্যের ইতিহাস সৃষ্টির আহ্বান শিল্পমন্ত্রীর

চলমান পাতা-২

১। **মন্ত্রিসভায় জাতীয় স্কুল মিল নীতিমালাসহ সাতটি আইনের খসড়া অনুমোদন**
দুধ নিয়ে অপপ্রচার দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দুধ নিয়ে অপপ্রচার চালানোয় দেশে খামার ব্যবসা চরম ক্ষতির সম্মুখীন হয়েছে। এটি দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র। দেশে যেসব গুঁড়া দুধ আসে তাও পরীক্ষা করা উচিত। গতকাল (১৯ আগস্ট সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে অনানুষ্ঠানিক আলোচনায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী আরো বলেন, সঠিকভাবে পরীক্ষা না করে যারা এ জাতীয় বিভ্রান্তি ছড়ায় তাদের বিরুদ্ধে কেউ রিট করে না। এ ব্যাপারে কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাকের উদ্যোগকে তিনি স্বাগত জানান।

পর্যায়ক্রমে ২০২৩ সালের মধ্যে দেশের সব সরকারি প্রাক-প্রাথমিক ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের দুপুরের পুষ্টিকর খাবার দেওয়া হবে। খাবার হিসেবে বিস্কুট, রান্না করা খাবার বা ডিম, কলা খাওয়ানো হবে। এ ব্যবস্থা রেখে ‘জাতীয় স্কুল মিল নীতি ২০১৯’র খসড়ার অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে গতকাল অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এছাড়া চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন-২০১৯, প্রতিবন্ধীদের জন্য বিশেষায়িত শিক্ষাপ্রতিষ্ঠান সংক্রান্ত নীতিমালার খসড়া, তথ্যপ্রযুক্তি উদ্যোক্তা তৈরিতে আর্থিক সহায়তায় ‘স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড’ নামে কোম্পানি গঠনের প্রস্তাব, মোংলা বন্দর কর্তৃপক্ষ আইনের খসড়াসহ সাতটি এজেন্ডায় অনুমোদন দিয়েছে মন্ত্রিপরিষদ। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.৬)।

২। **বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রীর কাব্যগ্রন্থ ‘স্বপ্ন পানসি’র মোড়ক উন্মোচন করলেন প্রধানমন্ত্রী**

বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমানের কাব্যগ্রন্থ ‘স্বপ্ন পানসি’র মোড়ক উন্মোচন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৯ আগস্ট সোমবার) মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী গ্রন্থটির মোড়ক উন্মোচন করেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৩। **আগামী বৃহস্পতিবার বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ড্রিমলাইনার গাঙচিল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

উদ্বোধন করা হচ্ছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বহরে নতুন যুক্ত হওয়া বোয়িং ৭৮৭-৮ ড্রিমলাইনার গাঙচিল। আগামী বৃহস্পতিবার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে এ বিমানটির আনুষ্ঠানিক উদ্বোধন করার পর প্রাথমিক রুট মহড়া দেয়া হবে। এটি যুক্ত হওয়ার মধ্য দিয়ে ড্রিমলাইনার বিমানের সংখ্যা দাঁড়াল তিনটিতে। যুক্তরাষ্ট্র থেকে কেনা এ সব কটা উড়োজাহাজেরই নামকরণ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গাঙচিল দিয়ে প্রাথমিকভাবে ঢাকা-আবুধাবী রুটে ফ্লাইট পরিচালনা করা হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৬)।

৪। **ঢাকায় ভারতের পররাষ্ট্রমন্ত্রী : আরও গভীর হবে দু'দেশের সম্পর্ক**

ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুব্রামনিয়াম জয়শংকর এখন ঢাকায়। তিন দিনের সফরে তিনি গতকাল ঢাকায় পৌঁছেছেন। বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ভারতের পররাষ্ট্রমন্ত্রী বলেন, ভারত-বাংলাদেশ নিবিড় বন্ধুপ্রতিম রাষ্ট্র। তাঁর এ সফরে এ সম্পর্ক আরও গভীর হবে। তিনি বলেন, প্রতিবেশী দেশগুলোর মধ্যে ভারতের কাছে বাংলাদেশ সব সময়ই বেশি প্রাধান্য পেয়ে আসছে, ভবিষ্যতেও পাবে। দ্বিপক্ষীয় আলোচনার বিষয় জানতে চাইলে তিনি বলেন, অনেক বিষয়ে আলোচনা হবে। পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর এটাই তাঁর প্রথম বাংলাদেশ সফর। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে গতকাল (১৯ আগস্ট সোমবার) রাতে তিনি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন তাঁকে স্বাগত জানান। আজ ২০ আগস্ট মঙ্গলবার দুপুরে তিনি রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন। এছাড়া আজ বিকেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৩), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

৫। রোহিঙ্গা প্রত্যাবাসনে ইতিবাচক সাড়া চীনের

মিয়ানমার থেকে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের প্রত্যাবাসনে চীনের প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতি ইতিবাচক সাড়া দিয়েছেন বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (১৯ আগস্ট সোমবার) তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে গত ১-৬ জুলাই প্রধানমন্ত্রীর চীন সফর নিয়ে মন্ত্রিসভাকে অবহিত করা হয়। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৬। মিয়ানমারের ইনডিপেনডেন্ট কমিশন অভ্ ইনকোয়ারি টিম কক্সবাজারে

বেঁধে দেয়া সময়ের মধ্যে রোহিঙ্গা প্রত্যাবাসনে ব্যর্থ হওয়ার পর ফের প্রত্যাবাসন শুরুর ঘোষণা দিয়েছে বাংলাদেশ ও মিয়ানমার। এরই অংশই হিসেবে আগামী ২২ আগস্ট বৃহস্পতিবার প্রায় সাড়ে তিন হাজার রোহিঙ্গাকে নিজ দেশে ফিরিয়ে নিতে সম্মত হয়েছে মিয়ানমার। তবে নাগরিকত্ব, নিরাপত্তা ও নিজ ভিটেমাটিতে ফিরিয়ে দেয়ার বিষয়টি সুরাহা না হওয়া পর্যন্ত রোহিঙ্গারা রাখাইনে ফিরে যেতে আগ্রহী নয়। এ অবস্থায় প্রত্যাবাসন আদৌ শুরু করা যাবে কিনা, তা নিয়ে সংশয় রয়েছে। এদিকে মিয়ানমার সরকার কর্তৃক গঠিত 'ইনডিপেনডেন্ট কমিশন অভ্ ইনকোয়ারি' টিম গতকাল ১৯ আগস্ট সোমবার) কক্সবাজার পৌছেছে। ১৫০ থেকে ২০০ রোহিঙ্গার সাক্ষ্য নেয়ার কথা রয়েছে তাদের। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

৭। মশক নিধনে আজ থেকে চিরুনি অভিযান চালানো হবে : ডিএনসিসি মেয়র

মশক নিধনে আজ (২০ আগস্ট মঙ্গলবার) থেকে চিরুনি অভিযান চালানো হবে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র মো. আতিকুল ইসলাম। রাজধানীর মহাখালী বাস টার্মিনালে গতকাল (১৯ আগস্ট সোমবার) মশক নিধন কার্যক্রম পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। তিনি বলেন, আগামীকাল ২১ আগস্ট মঙ্গলবার থেকে উত্তর সিটি কর্পোরেশনের প্রতিটি বাড়িতে চিরুনি অভিযান শুরু হবে। কোনো বাড়িতে লার্ভা পাওয়া গেলে স্টিকার লাগিয়ে দেয়া হবে। ১০-১৫ দিন পরে আবার গিয়ে পরীক্ষা করা হবে। মশা থাকলে জরিমানা করা হবে। মেয়র আরো বলেন, নতুন করে আরও ২শ' ফগার মেশিন ও দেড়শ' স্প্রে মেশিন আনা হয়েছে। মশা মারার কার্যক্রম তদারকি ও ফলাফল গণমাধ্যমের কাছে জানানো হবে। সূত্র : **যুগান্তর** (পৃ.১৮,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

৮। সরকার দেশে অধিকতর সুশাসন নিশ্চিতে কাজ করছে :
দক্ষিণ কোরিয়ায় প্রবাসী বাংলাদেশিদের সাথে মতবিনিময়ে স্বরাষ্ট্রমন্ত্রী

বর্তমান সরকার দেশে অধিকতর সুশাসন নিশ্চিত করতে কাজ করছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, টানা তৃতীয়বারের মতো সরকার গঠনের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে অধিকতর সুশাসন নিশ্চিত করবার সঙ্গে সঙ্গে ডিজিটাল বাংলাদেশ গড়ার কাজও দ্রুত গতিতে এগিয়ে নিচ্ছেন। গত ১৮ আগস্ট রোববার দক্ষিণ কোরিয়ার সিউলস্থ বাংলাদেশ দূতাবাসে প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জনগণের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি তাদের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে স্বরাষ্ট্রমন্ত্রণালয় কাজ করছে। বর্তমান সরকারের নানা উদ্যোগের ফলে পুলিশ বাহিনীর সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। তিনি আরো বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ই-পাসপোর্ট সংক্রান্ত বিষয়ে ইতোমধ্যে কার্যক্রম গ্রহণ করেছে। যথাসময়ে তা চালু করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈধ পথে নিয়মিত রেমিটেন্স প্রেরণকারীদের জন্যও অধিকতর সুযোগ-সুবিধা প্রদানের বিষয়টি বিবেচনা করছেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭)।

**৯।	প্রাথমিক পর্যায় থেকেই প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ায় অংশীদারদের জড়িত থাকা প্রয়োজন : দক্ষিণ কোরিয়ার স্যাংডোতে গ্লোবাল প্রোগ্রামিং কনফারেন্সে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, প্রাথমিক পর্যায় থেকেই প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ায় অংশীদারদের জড়িত থাকা প্রয়োজন। তিনি বলেন, বিশ্ব আজ প্রকৃতপক্ষেই জলবায়ু পরিবর্তনজনিত কারণে হুমকির সম্মুখীন। জলবায়ু পরিবর্তন থেকে উদ্ভূত বহুবিধ প্রভাবের মুখোমুখি হয়ে বিশ্বের ভবিষ্যৎ হুমকির মধ্যে রয়েছে। অর্থমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ থেকে একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল দক্ষিণ কোরিয়ায় গ্লোবাল প্রোগ্রামিং সম্মেলনে অংশ নিচ্ছেন। অর্থমন্ত্রী জলবায়ু পরিবর্তনজনিত হুমকি মোকাবিলায় বাংলাদেশ সরকার কর্তৃক এ পর্যন্ত নেওয়া পদক্ষেপ ও কার্যক্রম বর্ণনা করেছেন। তিনি কার্যকর ফলাফল অর্জনের জন্য প্রাথমিক পর্যায় থেকেই প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ায় অংশীদারদের জড়িত থাকার প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন। গতকাল (১৯ আগস্ট সোমবার) দক্ষিণ কোরিয়ার ইনচিয়েনের স্যাংডোতে গ্লোবাল ক্লাইমেট ফান্ড (জিসিএফ) 'গ্লোবাল প্রোগ্রামিং কনফারেন্স' এর আয়োজন করেছে। এ সম্মেলনের এ বছরের মূল প্রতিপাদ্য হচ্ছে 'জলবায়ুর উচ্চাকাঙ্ক্ষাকে উপলব্ধি করা'। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **সমকাল** (পৃ.১২,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**১০।	পুনর্বাসন করা হবে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত বস্তিবাসীদের : সেতুমন্ত্রী**

অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত মিরপুরের ঝিলপাড় বস্তিবাসীদের ঘরবাড়ি করে দিয়ে সরকার পুনর্বাসন করবে বলে আশ্বস্ত করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (১৯ আসগস্ট সোমবার) স্থানীয় সংসদ সদস্যের উদ্যোগে আয়োজিত ত্রাণ বিতরণে অংশ নিয়ে তিনি এ প্রতিশ্রুতি দেন। সেতুমন্ত্রী বলেন, ক্ষতিগ্রস্ত এলাকায় যতদিন সাহায্যের দরকার, ত্রাণের দরকার, পুনর্বাসন পর্যন্ত বর্তমান সরকার পাশে থাকবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১১।	বঙ্গবন্ধু হত্যায় জড়িতদের চিহ্নিত করতে কমিশন হবে : আইনমন্ত্রী**

বঙ্গবন্ধু হত্যাকাণ্ডে জড়িতদের চিহ্নিত করতে একটি কমিশন গঠনের ব্যাপারে সরকার নীতিগতভাবে একমত বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি জানান, এ কমিশন হবে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান। কারণ এটি গুরুদায়িত্ব পালন করবে। তাই প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মন্ত্রিপরিষদের সদস্যরা একসঙ্গে বসে কমিশনের কর্মপরিধি নির্ধারণের পাশাপাশি কমিশনের চেয়ারম্যান ও সদস্য মনোনয়নের সিদ্ধান্ত নেবেন। গতকাল (১৯ আসগস্ট সোমবার) রাজধানীর তেজগাঁওয়ে সরকারি শিশু পরিবারের অবহেলিত ও সুবিধাবঞ্চিত শিশুদের মধ্যে উন্নতমানের খাবার পরিবেশন অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**১২।	বর্তমান সরকারের আমলে চামড়া রফতানি ৪০০ মিলিয়ন ডলার থেকে দুই বিলিয়নে উন্নীত হয়েছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বর্তমান সরকারের আমলে চামড়া রফতানি ৪০০ মিলিয়ন ডলার থেকে সব মিলে দুই বিলিয়নে উন্নীত হয়েছে। গত এক দশকের অর্থনৈতিক উন্নয়নে মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে। তাই পশু কোরবানিও দ্বিগুণের বেশি বেড়েছে। ৩০-৪০ লাখ পশুর জায়গায় এখন প্রায় এক কোটি পশু কোরবানি হয়। পরিবেশগত বাধ্যবাধকতার কারণে সে তুলনায় ট্যানারির সংখ্যা বাড়েনি। তবে কিন্তু চামড়াশিল্প প্রতিষ্ঠানের সক্ষমতা বেড়েছে। গতকাল (১৯ আগস্ট সোমবার) রাজধানীর ধানমণ্ডিতে আওয়ামী লীগের প্রচার কার্যালয়ে দলের প্রচার উপকমিটির বৈঠকের শুরুতে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**১৩।	শিল্পখাতে সাফল্যের ইতিহাস সৃষ্টির আহ্বান শিল্পমন্ত্রীর**

শিল্পখাতে সাফল্যের ইতিহাস সৃষ্টির জন্য শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর ও সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের প্রতি আহ্বান জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। গতকাল (১৯ আগস্ট সোমবার) রাজধানীর দিলকুশায় অবস্থিত বাংলাদেশ কেমিকেল ইন্ডাস্ট্রিজ করপোরেশনের অডিটোরিয়ামে জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনাসভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ আহবান জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **সমকাল** (পৃ.৫,ক.৫)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বর্তমান বাজারে যেসকল বৈদ্যুতিক পণ্য বিক্রি হয়, তার ৪০ শতাংশই নকল ও নিম্নমানের এক খবরে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে নজরদারির সুপারিশ।

খ. **ইনকিলাব :** সড়ক দুর্ঘটনার নামে হত্যাকাণ্ড বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

গ. **যায়যায়দিন :** সদ্য প্রকাশিত এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফলে সন্তুষ্ট না হয়ে খাতা চ্যালেঞ্জ করে ২ হাজার ৭৩৯ জন পরীক্ষার্থীর ফলাফল পরিবর্তন হয়েছে উল্লেখ করে এ ধরনের গাফিলতির জন্য দায়ীদের শাস্তির আওতায় আনার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল :** দেশের মোট জনসংখ্যার এক তৃতীয়াংশ কিশোর কিংবা তরুণ উল্লেখ করে এদের দক্ষ করে জনসম্পদ হিসেবে গড়ে তোলার সুপারিশ।

ঙ. **সংবাদ :** বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর ওপর আজও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়নি উল্লেখ করে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শৃঙ্খলা ফেরাতে আইনের কঠোর প্রয়োগ করার সুপারিশ।

চ. **নিউজ টুডে :** ডেঙ্গু জ্বর প্রতিরোধে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **এশিয়ান এজ :** দেশে ৩.৪৫ মিলিয়ন শিশু শ্রমিক আছে, যার মধ্যে ১.২ মিলিয়ন ঝুঁকিপূর্ণ শ্রমে নিয়োজিত উল্লেখ করে শিশুদের নিরাপদ ও স্বাস্থ্যকর জীবন দেওয়ার ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **'উৎপাদনশীলতা ও নারীর শ্রম'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, শ্রম অংশীদারিত্ব এবং উদ্যোক্তা হিসেবে নারীকে সত্যিকারভাবে সমান অবস্থানে নিয়ে আসতে পারলে বাংলাদেশ নিশ্চিতভাবে লাভবান হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা